**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**04 DECEMBER 2025 7:45—7:55 PM**

---

-------------------------------------------------------------

১) উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের প্রধানমন্ত্রী উত্তর-পূর্ব উন্নয়ন উদ্যম প্রকল্পের অধীনে এই অঞ্চলের জন্য ১৩৫কোটি ৫৩ লক্ষ টাকার দুটি প্রকল্পে অনুমোদন ।

২) উত্তর-পূর্বাঞ্চল গত কয়েক বছরে দেশের উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে পরিগণিত হয়েছে বলে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ ও জলপথ বিভাগের মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের মন্তব্য ।

৩) আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কাছ থেকে প্রাপ্ত গোপন তথ্য অনুসারে রাজ্যের গৃহ বিভাগের ৩টি জেহাদী সংগঠনকে নিষিদ্ধ ঘোষণা ।

এবং

৪) এসকার্ড ব্যঙ্কের হাইলাকান্দি শাখার ম্যানেজার আর্থিক অনিয়মের অভিযোগে গ্রেপ্তার ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রনালয় প্রধানমন্ত্রী উত্তর-পূর্ব উন্নয়ন উদ্যম প্রকল্পের অধীনে এই অঞ্চলের জন্য ১৩৫কোটি ৫৩ লক্ষ টাকার দুটি প্রকল্পে অনুমোদন জানিয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ তামুলপুরে ৩৫ হাজার ৪৩ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলাকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরণ কার্যসূচিতে অংশ গ্রহণ করে ভাষণ প্রসঙ্গে এই তথ্য জানিয়ে বলেন যে এই অনুমোদনের ফলে আসাম সহ নাগাল্যান্ড ও ত্রিপুরা বিশেষ ভাবে উপকৃত হবে । একটি প্রকল্পের মাধ্যমে বাঁশ উৎপাদিত অঞ্চল সমূহের সাবলীকরণ এবং উত্তর-পূর্বাঞ্চলে রপ্তানি সূচল করে ইঞ্জিনিয়ার্ড বেম্ব অর্থাৎ বাঁশ থেকে উৎপাদিত বিভিন্ন

সামগ্রীর প্রসারের ওপর গুরুত্ব আরোপ করা হবে । উত্তর-পূর্ব বাঁশ-বেত উন্নয়ন পর্ষদ আসাম এবং নাগাল্যান্ডের জন্য ৭০ কোটি ৯৮ লক্ষ টাকা ব্যায় সাপেক্ষে এই প্রকল্প রূপায়ন করবে । ৬৪ কোটি ৫৫ লক্ষ টাকা ব্যায় সাপেক্ষে দ্বিতীয় প্রকল্পটির অধীনে আসাম ও ত্রিপুরায় অগরু কাঠ উৎপাদিত অঞ্চলগুলির উন্নয়ন সাধন করা হবে । উত্তর-পুর্ব আঞ্চলিক কৃষি বিপনন পর্ষদ লিমিটেড এই প্রকল্প রূপায়ন করবে । সম্প্রতি নতুন দিল্লীতে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর উন্নয়ন উদ্যম কর্মসূচির ক্ষমতাপ্রাপ্ত আন্ত:মন্ত্রনালয় কমিটির বৈঠকে এই দুটি প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ ও জলপথ বিভাগের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গত কয়েক বছরে উত্তর-পূর্বাঞ্চল দেশের উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে পরিগণিত হয়েছে বলে মন্তব্য করেছেন । নতুন দিল্লীতে আজ সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতি এবং প্রকল্প রূপায়নের ফলে অঞ্চলের যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রের দ্রুত উন্নয়ন সম্ভব হয়েছে । বাণিজ্যিক বিমান বন্দরের সম্প্রসারণ , সেমি কন্ডাক্টর , রেলওয়ে এবং অন্যান্য ক্ষেত্র গুলির উন্নয়ন উত্তর-পূর্বাঞ্চলের প্রগতির চালিকাশক্তি হয়ে ওঠেছে বলে শ্রী সনোয়াল মন্তব্য করেন । তিনি বলেন যে উত্তর-পূর্বাঞ্চলের শান্তি-সম্প্রীতি এই অঞ্চলের জন্য গৃহিত পদক্ষেপের পূর্ণ স্বদব্যবহার নিশ্চিত করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আত্মনির্ভর ভারত গড়ার ক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চল উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে বলেও তিনি মন্তব্য করেন । তিনি বলেন.... বাইট

---

৬টি জনগোষ্ঠীর জনজাতিকরণ সম্পর্কে দাখিল করা প্রতিবেদনকে নিয়ে জনজাতীয় সংগঠনগুলির সমন্বয়রক্ষী সমিতি আজ দিশপুর জনতা ভবণে মন্ত্রী গোষ্ঠীর অধ্যক্ষ রণোজ পেগুর সঙ্গে এক বৈঠকে মিলিত হয় । পরবর্তী পর্যায়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে অনুষ্ঠিত আলোচনার পর কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , মুখ্যমন্ত্রী এবং জনজাতীয় সংগঠনগুলির সমন্বয়রক্ষী সমিতির মধ্যে ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হওয়ার সম্ভবনা সম্পর্কেও আজকের বৈঠকে আলোচনা করা হয় । বৈঠকে ডা: পেগু মন্ত্রীগোষ্ঠীর জানানো অনুমোদন ছাড়াও ইতিমধ্যে তালিকাভুক্ত অনুসূচীত জনজাতির স্বার্থ ও অধিকার সুরক্ষিত রাখার জন্য প্রাদান করা প্রস্তাবের বিস্তারিত ব্যাখ্যা করেন । তিনি সমন্বয়রক্ষী সমিতিকে মন্ত্রীগোষ্ঠীর প্রতিবেদনের পঞ্চম ও ষষ্ঠ দুটি অধ্যায় পৃথক করে না পড়ে সমন্বিতভাবে পড়ার আহ্বান জানান । সমিতি এ সম্পর্কে একটি

নিজস্ব বিশেষজ্ঞ কমিটি গঠন করে আগামী এক মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে বলে অবগত করে ।

---------------------------------------------------------------------------------------------

প্রসার ভারতীর অধ্যক্ষ নবনীত সেহগল পদত্যাগ করেছেন । তিনি গত দোসরা ডিসেম্বর তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের কাছে পদত্যাগ পত্র প্রেরণ করেছিলেন এবং আজ মন্ত্রনালয় এই পদত্যাগপত্র গ্রহণ করেছে । উল্লেখ্য যে ১৯শো ৮৮ সালের ভারতীয় প্রশাসনিক সেবার প্রবীন আধিকারিক নবনীত সেহগলকে ২০২৪ সালের মার্চ মাসে প্রসার ভারতীর অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছিল । তবে এই পদত্যাগের কারণ সম্পর্কে শ্রী সেহগল কোন ধরণের মন্তব্য করেন নি ।

---------------------------------------------------------------------------------------------

আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কাছ থেকে প্রাপ্ত গোপন তথ্য অনুযায়ি রাজ্যের গৃহ বিভাগ তিনটি জেহাদী সংগঠনকে নিষিদ্ধ ঘোষণা করেছে । গৃহ বিভাগের জারি করা নির্দেশে জামাত -উল - মুজাহিদিন বাংলাদেশ , আনসারুল্লাহ বাংলা টিম এবং আল কায়দার সঙ্গে জড়িত আনসার - অল- ইসলাম নামের সন্ত্রাসবাদী সংগঠনগুলোকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে । রাজ্যের বিচার বিভাগের গত ২৬ শে নভেম্বর প্রকাশিত বিবৃতি অনুযায়ি আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখা এই সংগঠনগুলোর গোপন যোগাযোগ সম্পর্কে আপত্তিজনক তথ্য লাভ করেছে । এই সংগঠনগুলোর প্রচার মাধ্যমে করা কোনধরণের প্রচার ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ৯৮ ধারা অনুযায়ি অপরাধ হিসেবে গণ্য করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম স্টেট কো-অপারেটিভ এগ্রিকালচারাল এন্ড রুরাল ডেভোলাপমেন্ট , এসকার্ড ,ব্যাঙ্কের হাইলাকান্দি শাখার ম্যানেজার অশোক চন্দ্র মিত্রকে আর্থিক অনিয়মের অভিযোগে আজ গ্রেপ্তার করা হয়েছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে হাইলাকান্দি জেলায় এসকার্ড ব্যাঙ্ক গত এক বছর থেকে বন্ধ রয়েছে এবং ব্যাঙ্ক বন্ধ থাকায় শত শত গ্রাহক নিজেদের সঞ্চিত টাকা তুলতে না পেরে চরম হতাশা ও উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছেন । পুলিশ সূত্রে জানা গেছে গ্রেপ্তার হওয়া ব্যাঙ্ক ম্যানেজারের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারায় মামলা দায়ের করা হয়েছে । গ্রাহকদের দাবী অনুযায়ী হাইলাকান্দি শাখায় প্রায় ৮ কোটী টাকা জমা ছিল যা ব্যাঙ্ক এখনো ফেরত দেয় নি বলে অভিযোগ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত , গ্রামোন্নয়ন , বিচার বিভাগ , সাধারণ প্রশাসন এবং পর্যটন মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস তিনদিনের বরাক উপত্যকা সফরে আগামী শনিবার শিলচর আসছেন ।শনিবার তিনি শিলচরে কয়েকটি কার্যসূচীতে অংশগ্রহণ করে শ্রীভূমি চলে যাবেন । শ্রীভূমিতেও অনুরূপ কয়েকটি কার্যসূচীতে যোগদান করে পরদিন রবিবার তিনি হাইলাকান্দি যাবেন ।ঐদিন সকাল ১০ টায় তিনি আলগাপুর উন্নয়নখন্ড , সকাল ১১ টায় কাটলিছড়া উন্নয়নখন্ড পরিদর্শন করবেন ।গ্রাম উন্নয়ন মন্ত্রী শ্রী দাস এরপর বেলা একটায় হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এরপর তিনি দলীয় কার্যসূচীতে যোগ দিয়ে বিকেল চারটে নাগাদ শিলচর ফিরে আসবেন । রবিবার শিলচরে রাত্রী যাপন করে পরদিন তিনি গুয়াহাটি ফিরে যাবেন ।

-----------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ নৌসেনা দিবস পালন করা হচ্ছে । নৌসেনা বাহিনীর সাফল্য এবং ভূমিকার স্বীকৃতিস্বরূপ প্রতিবছর চৌঠা ডিসেম্বর এই দিবস পালন করা হয় । ১৯শো ৭১ সালে অপারেশন ট্রাইডেন্টের অধীনে নৌসেনা বাহিনী আজকের দিনটিতে পি এন এস খাইবার সহ পাকিস্থানের ৪টি জাহাজ ধ্বংস করেছিল । এবার কেরালার তিরুআনন্তপুরমের সনমুগম তীরে অকর্ষনীয় প্রদর্শনীর মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে ।

নৌসেনা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি , উপ-রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী নৌসেনা বাহিনী , প্রাক্তন সৈনিক এবং তাদের পরিবারকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

গুয়াহাটী বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরে আজ বিমানের উড়ান এবং অবতরণে কিছু ত্রুটি হওয়ায় বিমান যাত্রীরা অসুবিধার সম্মুখীন হয়েছেন ।বিশেষ করে ইন্ডিগো বিমানের যাত্রীদের বহু সময় বিমানবন্দরে অপেক্ষা করতে হয় । এদিকে গুয়াহাটী থেকে যেসমস্ত ইন্ডিগো বিমানের উড়ান এবং অবতরণ করার কথা ছিল তা ওই সব বিমান ইতিমধ্যে বাতিল করা হয়েছে বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন । তবে বিমানের উড়ান এবং অবতরণ বাতিল করার কারণ সম্পর্কে বিমান কর্তৃপক্ষ কোন তথ্য প্রকাশ করেনি ।

-----------------------------------------------------------------------------------------

অসম প্রকাশন পরিষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত অসম গ্রন্থমেলায় আজ বিকেলে- ঐতিহাসিক চলচিত্র এবং ভারতীয় চলচিত্র উদ্যোগের প্রাসঙ্গিকতা শীর্ষক বিষয়ের উপর

আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আলোচনায় অংশগ্রহন করে আসাম বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক ডক্টর আলফারিদ হোসেন বলেন যে চলচিত্রের পটভূমি নির্বাচনের সময় নির্মাতাদের আরো বেশী সাবধান হওয়ার প্রয়োজনীয়তা রয়েছে । ঐতিহাসিক বিষয় উপস্থাপনের সময় যাতে কোন ধরনের ভুল তথ্য সংযুক্ত না হয় , সেদিকে দৃষ্টি দিতে হবে কারণ চলচ্চিত্র একটি শক্তিশালী গণমাধ্যম , সমাজে যার সুদূর প্রসারী প্রভাব রয়েছে বলে অধ্যাপক হোসেন মন্তব্য করেন । গ্রন্থমেলার আজ চর্তুথ দিন সন্ধ্যায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করে ।

---------------------------------------------------------------------------------------